**আনোয়ারা উপজেলা পরিষদ**
চট্টগ্রাম জেলা।
www.anwara.chittagong.gov.bd

## সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত আনোয়ারা উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তৌহিদুল হক চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৬/০৯/২০২৩
সময় : ১২.০০ ঘটিকায়
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে সংশোধন, সংযোজনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। পরবর্তীতে দপ্তরভিত্তিক বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১) | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিনিধি বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | কৃষি বিভাগ |
| ২) | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। বৈধ ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার অভিযানের জন্য নির্দেশনা এসেছে। ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের সকল ধরণের কাগজপত্র ও অন্যনান্য দলিলাদি ঠিক করার জন্য অনুরোধ করেন। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | স্বাস্থ্য বিভাগ |
| ৩) | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রতিনিধি বলেন, পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় উপজেলার সকল ইউনিয়নে পর্যায়ক্রমে ছাগলের পিপিআর টিকা প্রদান চলমান। এনডিডিপি প্রকল্পের আওতায় ট্রেনিং কার্যক্রম চলমান। অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | প্রাণি সম্পদ বিভাগ |
| ৪) | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, ১। আগামী ১২ অক্টোবর/২৩ থেকে ০২ নভেম্বর/২৩ পর্যন্ত ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান উপলক্ষ্যে সাগর ও নদীতে মাছ ধরা বন্ধ থাকবে। এই অভিযান বাস্তবায়নে কোস্টগার্ড, নৌপুলিশ এবং উপজেলা প্রশাসনসহ সকলের সহযোগিতা কামনা করেন।<br>২। আগামী ডিসেম্বর EV-FVO মিশনের আগমন উপলক্ষে উপজেলা প্রশাসন এবং স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। | পরিচালনাধীন কার্যক্রম সমূহে সংশ্লিষ্ট সকলে সহযোগিতা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা ও নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | মৎস্য বিভাগ |
| ৫) | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী বলেন, ভৌতকাজের দরপত্র আহবানের ক্ষেত্রে PPR-২০০৮ এর তফসিল ২ বিধি ৮(১৫) অনুযায়ী ১০(দশ) লক্ষ | বিস্তারিত আলোচনান্তে উক্ত সম্মানীভাতা | উপজেলা পরিষদ |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | টাকার উর্ধ হতে ১(এক) টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে প্রতি সভার জন্য ৩০০০/-(তিন হাজার) টাকা সম্মানী ভাতা ১০ লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে প্রতি সভার সদস্য প্রতি ৬০০/-(ছয়শত) টাকা হারে সর্বোচ্চ ৩টি সভার জন্য ১,৮০০/-(এক হাজার আটশত) টাকা সম্মানী ভাতা ২০২২-২০২৩ অর্থ বৎসরে ৩৬টি প্যাকেজের দরপত্র আহবানকৃত দরপত্র খোলা ও দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যগণের সম্মাণীভাতা টাকা ৮১,২০০/- উপজেলা পরিষদ হতে প্রদান করার জন্য অনুরোধ করেন। প্রস্তাবিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| ৬) | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ |
| ৭) | পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, ১। সেপ্টেম্বর/২৩খ্রি. ০১ মাস ব্যাপী ডিপো-প্রভেরা ইনজেকটবল সেবা মাস চলমান আছে এতে ০৩(তিন) মাস জন্মনিয়ন্ত্রণের এ পদ্ধতিতে আমরা সন্তোষজনক সেবা প্রদান করতে পারছি।<br><br>২। গত মাসের তুলনায় আগস্ট/২৩ মাসে দম্পতি সংখ্যা বৃদ্ধি পেয়েছে।<br>সক্ষম দম্পতি সংখ্যা: ৪৮৯৫৯<br>মোট গ্রহণকারী:৩৬৫০৩<br>গ্রহণকারীর হার(CAR): ৭৪.৫৬<br>পরিবার পরিকল্পনা সেবা সন্তোষজনকভাবে চলমান আছে। সকল সহকর্মীর উপস্থিতি নিশ্চিতকল্পে স্মার্ট মনিটরিং ও মোবাইল মনিটরিং চলছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | পরিবার পরিকল্পনা বিভাগ |
| ৮) | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সমাজসেবা বিভাগ |
| ৯) | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার প্রতিনিধি বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | প্রাথমিক শিক্ষা বিভাগ |
| ১০) | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | মাধ্যমিক শিক্ষা বিভাগ |
| ১১) | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।বিভিন্ন খাতে সরবরাহ দেয়ারমত পর্যাপ্ত চাল ও গম আনোয়ারা এলএসডিতে মজুদ আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি | খাদ্য বিভাগ |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | |
| ১২) | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | যুব উন্নয়ন বিভাগ |
| ১৩) | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সমবায় বিভাগ |
| ১৪) | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক বিভাগ |
| ১৫) | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | প্রকল্প বাস্তবায়ন বিভাগ |
| ১৬) | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড |
| ১৭) | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন বলেন, ১। উপজেলা মডেল মসজিদের কাজ ৯০% শেষ হয়েছে। বাকী কাজ চলমান, আগামী মাসে সম্ভাব্য উদ্বোধন হতে পারে। বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য ডিজিএম পল্লী বিদ্যুতের সহযোগীতা কামনা করেন। বর্তমান বিদ্যুৎ সংযোগ দেওয়ার ক্ষেত্রে যে নতুন নীতিমালা হয়েছে। সে নীতিমালা মোতাবেক উপজেলা মডেল মসজিদে বিদ্যুৎ সংযোগ দিতে দীর্ঘদিন লেগে যাবে। যেহেতু আগামী মাসে মডেল মসজিদ উদ্বোধনের সম্ভাবনা রয়েছে। তাই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | ইসলামিক ফাউন্ডেশন |
| ১৮) | উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত | বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দাপ্তরিক প্রয়োজনে স্থানীয়ভাবে নিম্নলিখিত ব্যয় সমূহ সম্পাদন করা হয়েছে।<br>**<u>সেপ্টেম্বর/২০২৩ মাস</u>**<br>১। মালী ও সুইপার মজুরি=২৯,৭০০/-<br>২। ২০২৩-২০২৪ অর্থবৎসরের হোল্ডিং ট্যাক্স প্রদান-৪০,০০০/- | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে রাজস্ব তহবিল হতে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে ভূতাপেক্ষ | উপজেলা পরিষদ |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৩। জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা ১৭-১৯ সেপ্টেম্বর ডিকোরেটার্স বিল-২৫,০০০/- | অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৯) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম বলেন, পরৈকোড়া ইউনিয়নের মুরালীঘাট পর্যন্ত আমাদের মৎস্য ফাঁড়ের সীমানা। অন্য উপজেলার লোক ফাঁড়ের আগে জাল বসায়। মাঝের ঘাট এলাকায় অবৈধ ফাঁড় বসায় মাছ ধরে। অবৈধ সন্ত্রাসীদের ধরে আইনের আওতায় সোপর্দ করার জন্য অনুরোধ করেন। কৃষি ও শিল্পখাতে আত্মনির্ভরশীল হওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। সকল দপ্তরে যেভাবে সেবা প্রদান করা হচ্ছে সেভাবে প্রচার করা হচ্ছে না। ভালো কাজগুলোর স্বীকৃতিস্বরূপ ভালো স্বীকৃতি পাওয়া দরকার তার জন্য ফাইল ওয়ার্কগুলো করতে হবে। | উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয় | সংশ্লিষ্ট সকল |

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(তৌহিদুল হক চৌধুরী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আনোয়ারা, চট্টগ্রাম।
ফোন:০২৩৩৪৪৬১০২১
ই-মেইল: uzcanwara@gmail.com

স্মারক নং-০৫.২০.১৫০৪.০০০.১৬.০০৭.২৩- ২৬৫(৪০)
তারিখঃ ২৬/০৭/২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৩ ও মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
৭। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
৮। উপজেলা ..............................................কর্মকর্তা(সকল), আনোয়ারা, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান..............................................ইউ.পি (সকল), আনোয়ারা, চট্টগ্রাম।
১০। সংরক্ষিত সদস্য(সকল), উপজেলাপরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
১১। জনাব..........................................................................
১২। সংরক্ষণ নথি।

(মো: ইশতিয়াক ইমন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
আনোয়ারা, চট্টগ্রাম।
ফোন: ০২৩৩৪৪৬০৯৩০
ই-মেইল: unoanwara@mopa.gov.bd